# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৮ সেপ্টেম্বর, ২০০৬ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | **কর্ণেল সালাহ্উদ্দীন আহ্মেদ**<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম নূরুল আমিন, (এন), এনডিসি, পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ শফিকুল আলম, এফএডব্লিউসি, পিএসসি, জিডি (পি) -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৪) মেজর আব্দুর রশিদ আকন্দ -- সদস্য
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৫) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

(৬) বেগম সালমা সিদ্দিকা মাহতাব -- সদস্য
সহকারী কমিশনার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ, ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

চলমান পাতা-২

র নং-১ ঃ গত ২৯ আগস্ট, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

 সিদ্ধান্ত ঃ গত ২৯ আগস্ট, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

র নং-২ ঃ আগস্ট, ২০০৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

 সিদ্ধান্ত ঃ আগস্ট, ২০০৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

র নং-৩ ঃ আগস্ট, ২০০৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

 সিদ্ধান্ত ঃ আগস্ট, ২০০৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

র নং-৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৫-বি নং ফ্ল্যাটটি ইঞ্জিনিয়ার মোঃ আজিজুর রহমান (মিসেস প্রীতি করিম এর নিযুক্তীয় আম-মোক্তার), ব্যবস্থাপনা পরিচালক, এপার্টমেন্ট ডিজাইন এন্ড ডেভঃ লিঃ এর ০৮ মে, ২০০৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে মিসেস শাম্মিন সুলতানা, স্বামী- মাহবুব আমিনুর রহমান, বাড়ী#৫৯, ফ্ল্যাট#১-সি, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৪ আগস্ট, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

 সিদ্ধান্ত ঃ আলাচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৫-বি নং ফ্ল্যাটটি মিসেস শাম্মিন সুলতানা, স্বামী- মাহবুব আমিনুর রহমান, বাড়ী#৫৯, ফ্ল্যাট#১-সি, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

র নং-৫ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৬/সি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস সাইদা আক্তার সাইদ, স্বামী- মরহুম লেঃ কর্ণেল এ কে এম সাইদুর রহমান, বাড়ী#১/বি, ফ্ল্যাট#৬/সি, শহীদ বদিউজ্জামন রোড, রোড # ১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাসের নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৬ জানুয়ারি, ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১/বি/ফ্ল্যাট নং-৬/সি/১৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২১ আগস্ট, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

 সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৬/সি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস সাইদা আক্তার সাইদ, স্বামী- মরহুম লেঃ কর্ণেল এ কে এম সাইদুর রহমান এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

**চলমান পাতা-৩**

প্রস্তাব নং-৬ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ-২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস সামিরা পারভেজ শাওন, স্বামী- মেজর (অবঃ) এ কে এম মাসুদ পারভেজ, বাড়ী # ৯, ফ্ল্যাট # এ-২, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাসের নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২২ জুন, ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৯/ফ্ল্যাট নং-এ-২/১২ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২০ আগস্ট, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ-২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস সামিরা পারভেজ শাওন, স্বামী- মেজর (অবঃ) এ কে এম মাসুদ পারভেজ এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ-১০ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব রহমান মিজান টনী, পিতা- মরহুম হাজী মান্নান সাউথ, ৩৩ শহীদ ফারুক সড়ক, যাত্রাবাড়ী, ডেমরা, ঢাকা এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৩ আগস্ট, ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৭৯/ফ্ল্যাট নং-এ-১০/১১ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২২ আগস্ট, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ-১০ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব রহমান মিজান টনী, পিতা- মরহুম হাজী মান্নান সাউথ, ৩৩ শহীদ ফারুক সড়ক, যাত্রাবাড়ী, ডেমরা, ঢাকা এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/এ নং প্লটে নির্মিত বাড়ীর ১/সি নং ফ্ল্যাটটি (১) খন্দকার আওলাদ হোসেন ও (২) খন্দকার এমদাদ হোসেন, ২৬/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস (জনাব মোঃ হাসিবুল বাসার, ব্যবস্থাপনা পরিচালক, এক্সিলেন্ট বিল্ডার্স লিঃ এর পক্ষে নিযুক্তীয় আম-মোক্তার) এর ০৪ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত ১/সি নং ফ্ল্যাটটি মিসেস কাওসার লুবনা আহমেদ, স্বামী- লেঃ কর্ণেল মোঃ সাইফুল ইসলাম জোয়ার্দার এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৬ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা করা হলো। আলচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/এ নং প্লটে নির্মিত বাড়ীর ১/সি নং ফ্ল্যাটটি মিসেস কাওসার লুবনা আহমেদ, স্বামী- লেঃ কর্ণেল মোঃ সাইফুল ইসলাম জোয়ার্দার এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৪

প্রস্তাব নং-৯ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭ নং প্লটে নির্মিত বাড়ীর সি/৫ নং ফ্ল্যাটের মালিক জনাব সাইফুল আহমেদ চৌধুরী এর ২৫ জুলাই, ২০০৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত সি-৫ নং ফ্ল্যাটটি বিএ-৪৭৬৭ মেজর মোহাম্মদ আনিসুর রহমান (অবঃ), পিতা- মোঃ আরফান আলী, বাড়ী # ২০, রোড # ৪, ক্যান্টনমেন্ট আ/এ, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২১ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের ১৩০০/৩০/১০/ নিরাপত্তা নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতাগণের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলাচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭ নং প্লটে নির্মিত বাড়ীর সি/৫ নং ফ্ল্যাটটি বিএ-৪৭৬৭ মেজর মোহাম্মদ আনিসুর রহমান (অবঃ), পিতা- মোঃ আরফান আলী, বাড়ী # ২০, রোড # ৪, ক্যান্টনমেন্ট আ/এ, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১০ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব মাহমুদ হাসান খান, পিতা- মরহুম সোলেমান খান, এ্যাপার্টমেন্ট#ডি-৩, বাড়ী#২৫, রোড#৪৬, গুলশান-২, থানা- গুলশান, জেলা- ঢাকা এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১১ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪৪/৩৪৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট প্লট সমেত বাড়ীটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট ক্রেতার নামে নামজারীর ব্যাপারে বিক্রেতার ২১ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলাচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব মাহমুদ হাসান খান, পিতা- মরহুম সোলেমান খান, এ্যাপার্টমেন্ট#ডি-৩, বাড়ী#২৫, রোড#৪৬, গুলশান-২, থানা- গুলশান, জেলা- ঢাকা এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১১ ঃ ঢাকা সেনানিবাস এলাকায় চলাচলের জন্য অত্র দপ্তর কর্তৃক ইস্যুকৃত রিক্সা লাইসেন্স বাৎসরিক নবায়ন ফি ঢাকা সিটি করপোরেশনে বর্তমানে প্রচলিত রেইট অনুযায়ী জুলাই, ২০০৬ হতে ১০০/- (একশত) টাকা নির্ধারণ করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, বর্তমানে ঢাকা সেনানিবাস এলাকায় রিক্সা লাইসেন্স বাৎসরিক নবায়ন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা হারে আদায় করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা সেনানিবাস এলাকায় চলাচলের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত রিক্সা লাইসেন্স এর বাৎসরিক নবায়ন ফি বৃদ্ধির প্রস্তাবটি সার্বিক বিবেচনায় অনুমোদন না করে পূর্বের ফি বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

প্রস্তাব নং-১২ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি প্রস্তাবিত ক্রেতা জনাব নূর মোহাম্মদ মামুন, পিতা- মৃত জনাব আরী এর নিকট বিক্রয়/হস্তান্তর প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৩ আগস্ট, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক যথাক্রমে (১) মাহীন সুলতান ও (২) সোনিয়া এম সুলতান এর ১৮ জানুয়ারি, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে প্রস্তাবিত ক্রেতা (১) আয়েশা আজিজ খান, (২) আবিদা আজিজ খান ও (৩) আজীজা আজিজ খান, সর্বপিতা- জনাব মোঃ আজিজ খান এর নিকট বিক্রয়/হস্তান্তরের নিমিত্তে ইতোপূর্বে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়। অতঃপর উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিকগণ তাঁদের বিক্রির অনুমোদনের জন্য ১৮ জানুয়ারি, ২০০৬ তারিখে অত্র দপ্তরে দাখিলকৃত আবেদনপত্রটি বাতিল করার জন্য ১৮ জুন, ২০০৬ তারিখে অত্র দপ্তরে একখানা আবেদনপত্র পেশ করেন। এ বিষয়ে সিদ্ধান্তের জন্য ২৮ জুন, ২০০৬ তারিখের বোর্ডসভায় বিষয়টি উত্থাপন করা হলে এ ব্যাপারে ক্রেতা এবং বিক্রেতার সমঝোতা সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরকে অত্র দপ্তরের ৩১ জুলাই, ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃ এঃ/১৩/৬৯ নং পত্রের মাধ্যমে অবহিত করা হয়। এতদ্ব্যাপারে আলোচনা ও পরবর্তী সিদ্ধান্তের জন্য নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনায় জানা যায়, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৩নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী বিক্রয়/হস্তান্তরের নিমিত্তে ইতোপূর্বে প্রদত্ত নিরাপত্তা ছাড়পত্র বাতিল না করেই দ্বিতীয় ব্যক্তির নিকট একই বাড়ী বিক্রয়/হস্তান্তরের নিমিত্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে মতামত গ্রহণের নিমিত্তে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে পত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৩ ঃ রাষ্ট্রায়ত্ব রূপালী ব্যাংক লিঃ বেসরকারীকরণের প্রক্রিয়া বাস্তবায়নাধীন বিধায় ব্যাংকটির অনুকূলে প্রদত্ত সামরিক জমির লীজ বাতিলের ব্যাপারে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৬ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের ৩৯১৭/১/সিবি/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। এতদ্ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে রাষ্ট্রায়ত্ব রূপালী ব্যাংক লিঃ বেসরকারীকরণের প্রক্রিয়া বাস্তবায়নাধীন বিধায় ব্যাংকটির অনুকূলে প্রদত্ত সামরিক জমির লীজ বাতিলের কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ বাশার রোড এলাকায় রোপণের জন্য ০৮(আট) প্যাকেট ডায়াস্থাস ফুলের বীজ সরবরাহের নিমিত্তে ২৪ আগস্ট, ২০০৬ তারিখে দরপত্র আহবান করা হলে ০৩ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে ০৩ (তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৬,০০০/-(ছয় হাজার) টাকা হিসেবে ৪৮,০০০/-(আটচল্লিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ শহীদ বাশার রোড এলাকায় রোপণের জন্য ০৮(আট) প্যাকেট ডায়াস্থাস ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৬,০০০/-(ছয় হাজার) টাকা হিসেবে ৪৮,০০০/-(আটচল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

চলমান পাতা-৬

প্রস্তাব নং-১৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাকুঞ্জ উত্তর গেইট হেড পোস্ট অফিস পর্যন্ত রোপণের জন্য ১২(বার) প্যাকেট ইনকা (হলুদ) ফুলের বীজ সরবরাহের নিমিত্তে ৩১ আগস্ট, ২০০৬ তারিখে দরপত্র আহবান করা হলে ০৭ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে ০৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ সেনাকুঞ্জ উত্তর গেইট হেড পোস্ট অফিস পর্যন্ত রোপণের জন্য ১২(বার) প্যাকেট ইনকা (হলুদ) ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাসদরের সামনের রাস্তায় রোপণের জন্য ৪০(চল্লিশ) প্যাকেট পিটুনিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে ০৪ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে দরপত্র আহবান করা হলে ১০ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে ০৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ১,১০০/-(এক হাজার একশত) টাকা হিসেবে ৪০ প্যাকেট বীজের জন্য ৪৪,০০০/-(চুয়াল্লিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ সেনাসদরের সামনের রাস্তায় রোপণের জন্য ৪০(চলিশ) প্যাকেট পিটুনিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ১,১০০/-(এক হাজার একশত) টাকা হিসেবে ৪০ প্যাকেট বীজের জন্য ৪৪,০০০/-(চুয়াল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৭ ঃ মিরপুর ডিওএইচএস এর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ডিওএইচএস এর চর্তুপার্শ্বে জরুরী ভিত্তিতে নিরাপত্তা দেয়াল নির্মাণ এবং ডিওএইচএস এসোসিয়েশন কর্তৃক গার্ড নিয়োগ না হওয়া পর্যন্ত প্রয়োজনীয় সংখ্যক গার্ড (ন্যূনতম ১২ জন) ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিয়োগের জন্য মিরপুর ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী ০৫ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে ১৭০১/ডিওএইচএস/মিরপুর/৪ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানিয়েছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে অর্থ প্রদান সাপেক্ষে ১২ (বার) জন নিরাপত্তা কর্মী নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। মিরপুর ডিওএইচএস পরিষদ এর সাথে সমন্বয় করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৭

প্রস্তাব নং-১৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস এলাকার হযরত কালা শাহ বাবা (রঃ) এর মাজার সংলগ্ন উত্তর পার্শ্বের খালি জায়গায় ডিওএইচএস মহাখালী জামে মসজিদের ইমামের কোয়ার্টার নির্মাণ। | ১২,৪৯,৫০০/- টাকা | বাজেট বরাদ্দ |
| (২) | স্বাধীনতা সরণি ও শহীদ সরণির সংযোগ স্থলের উভয় পার্শ্বে (উত্তর দিকে) রাস্তা প্রশস্তকরণ কাজের সংশোধিত মূল্যানুমান। | ২০,০৩,৩৬৯/- টাকা | বাজেট বরাদ্দ |
| (৩) | ২০০৬-২০০৭ আর্থিক সালে নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বৈদ্যুতিক ফিটিংস সরবরাহকরণ। | ৭,৯০,০০০/- টাকা (বাজার দর) | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৪) | রজনীগন্ধা সুপার মার্কেটের মাছ/সব্জি বাজারের ম্যানহোলের ঢাকনার জন্য আরসিসি স্ল্যাব নির্মাণ। | ২৯,৬০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৫) | **সশস্ত্র বাহিনী দিবস-২০০৬ উপলক্ষে ঃ** | | |
| | (ক) শহীদ সরণিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ), সিগন্যাল পোল রংকরণ এবং বৈদ্যুতিক স্যুইচ বোর্ড পেইন্টিংকরণ। | ৪৯,৩৬১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | (খ) শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা হতে বিএএফ গার্ডরুম পর্যন্ত এবং শহীদ মঈনুল রোডের উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ) এবং সিগন্যাল পোল পেইন্টিংকরণ। | ৪৯,৪৯৭/- টাকা | -ঐ- |
| | (গ) শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বাস স্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, ট্যাংক, গাছের গোড়া, পার্ক, সাইন বোর্ড এবং সিভিল এভিয়েশন হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ডিভাইডার পেইন্টিং/চুনকামকরণ। | ৮৯,১১১/- টাকা | -ঐ- |
| | (ঘ) ১৩ এমপি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আরআইএসডির বাসস্ট্যান্ড এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া, ডিভাইডার ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৭০,৫৮৪/- টাকা | -ঐ- |
| | (ঙ) স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রংকরণসহ সাইন বোর্ড লেখার কাজ। | ১,২০,১৪৩/- টাকা | -ঐ- |
| | (চ) শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, এয়ার হাউসের নিকটস্থ পার্ক, জিআই পাইপের রেলিং, ডিভাইডার, টিএন্ডটি বক্স, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৮০,১১৬/- টাকা | -ঐ- |
| | (ছ) শহীদ মঈনুল রোডের আইল্যান্ড, আইল্যান্ডের প্লাস্টার, গাছের গোড়া, সাইন বোর্ড, আরপি চেকপোস্ট, শেল বক্স, স্পীড ব্রেকার, বেঞ্চ, গার্ডেন লাইট শেড ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ২৫,১৪৬/- টাকা | -ঐ- |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| | (জ) শিখা অনির্বাণের সম্মুখের ফুটপাত, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব, গম্বুজ ও ওভারহেড ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামত ও রংকরণ। | ৯৬,৪১০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | (ঝ) পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, ফুলের ড্রাম/চারী, টিএন্ডটি বক্স, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল, গাছের গোড়া ও সাইন বোর্ড মেরামতসহ রংকরণ কাজ। | ৭৯,৭২১/- টাকা | -ঐ- |
| | (ঞ) সেনাকুঞ্জ হতে স্টাফ রোড পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট ও ছাতা মেরামত, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৪৩,৭০৩/- টাকা | -ঐ- |
| | (ট) স্টাফ রোড হতে পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, সমুন্নত স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ ট্যাংক, কামান রংকরণ। | ৭৪,৬৮৮/- টাকা | -ঐ- |
| | (ঠ) স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ২৮,৬৮০/- টাকা | -ঐ- |
| | (ড) সিএমএইচ হতে বিএএফ গার্ডরুম পর্যন্ত সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স,ফুটপাতের স্ল্যাব, গাছের গোড়া, সাইন বোর্ড ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৪৮,৭৭৩/- টাকা | -ঐ- |
| | (ঢ) স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে রোড মার্কিং কাজের জন্য বার্জার পেইন্ট কোম্পানীর রং ও থিনার ক্রয়। | ২,০০,০০০/- টাকা (বাজার দর) | বাজেট বরাদ্দ |
| | (ণ) স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে মেশিনের সাহায্যে রোড মার্কিং কাজের লেবার চার্জ। | ৯৯,৮০০/- টাকা (বাজার দর) | -ঐ- |
| (৬) | বারিধারা ডিওএইচএস এলাকার ২, ৩, ৭, ৮, ৮/সি ও ১০ নং লেনে পিভিসি পাইপ স্থাপন ও ম্যানহোল নির্মাণ কাজ। | ৪১,১০৬/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৭) | স্বাধীনতা সরণির চৌরাস্তা হতে নব-নির্মিত ডিজিএফআই অফিস পর্যন্ত রোড ডিভাইডার, আইল্যান্ড, ফুটপাত, জনতা ব্যাংক, বাউন্ডারী ওয়াল এবং জিয়া কলোনী এমপি চেকপোস্টের ব্যারিয়াল, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বাউন্ডারী ওয়াল, স্পীড ব্রেকার ইত্যাদি রংকরণ। | ৩৮,৯০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৮) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ গাড়ী পার্কিং এর পশ্চিম পার্শ্বে সেনানিবাস প্রবেশ লেনের রাস্তা ও ড্রেন মেরামত কাজ। | ৪৯,৯০০/- টাকা | -ঐ- |
| (৯) | শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তায় ট্রাফিক সিগন্যাল পোল, কন্ট্রোলার বক্স স্থানান্তর এবং রজনীগন্ধা এমপি চেকপোস্ট পর্যন্ত ট্রাফিক সিগন্যাল বাতির কন্ট্রোলার বক্স স্থানান্তরকরণ। | ৩২,৯৩৫/-টাকা | -ঐ- |
| (১০) | ঢাকা সেনানিবাসের বিভিন্ন এলাকার নিরাপত্তা বাতির পোল স্থানান্তরকরণ। | ৩৬,১৪০/- টাকা | -ঐ- |

চলমান পাতা-৯

| | | | |
|---|---|---|---|
| (১১) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়াটার নং-৬৫/এ এবং ৪/বি এর পানির লাইন ও আন্ডার গ্রাউন্ড পানির রিজার্ভার মেরামতকরণ। | ৩৬,৭৭৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১২) | ঢাকা সেনানিবাসস্থ আল্লাহু মসজিদ এর সিলিং ফ্যান মেরামত ও রংকরণ। | ২৯,৯৪০/- টাকা | -ঐ- |
| (১৩) | ঢাকা সেনানিবাসস্থ আল্লাহু মসজিদ এর জন্য কম্প ২.৫০ কেভিএ জিএলএক্স ওয়াট ক্ষমতা সম্পন্ন আইপিএস (রহিম আফরোজ) সরবরাহ ও স্থাপন। | ৭৫,৬১৮/- টাকা (বাজার দর) | বাজেট বরাদ্দ |
| (১৪) | ঢাকা সেনানিবাসস্থ আল্লাহু মসজিদ এর জন্য ২০ টন ক্ষমতা সম্পন্ন এয়ার কন্ডিশনার সরবরাহ ও স্থাপন। | ৪,৪০,৭৫০/- টাকা (বাজার দর) | -ঐ- |
| (১৫) | ঢাকা সেনানিবাসস্থ আল্লাহু মসজিদ এয়ার কন্ডিশনারের জন্য বৈদ্যুতিক লাইন স্থাপন। | ২,১৮,৩৯৫/- টাকা | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৯ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদ এবং ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পানির লাইন মেরামতকরণ। | ৩৮,৮০২/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ০৯.৯৯% উর্ধ্বে | ০৬.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (২) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ৬৫/ডি, ২৫/ডি এবং ৪/এ নং বাসার পানির লাইন মেরামতসহ ওভারহেড ট্যাংক সরবরাহকরণ। | ৩৫,৫৫০/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ০৯.৫০% উর্ধ্বে | ০২.০০% উর্ধ্বে | -ঐ- |
| (৩) | বারিধারা ডিওএইচএস এলাকার উত্তর ও দক্ষিণ গেইটে যানবাহন চেক করার জন্য দু'টি স্পীড ব্রেকার নির্মাণ। | ৪৯,৯৫০/- টাকা | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ০৬.০০% উর্ধ্বে | ০৬.০০% নিম্নে | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৪) | ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ বাস স্ট্যান্ডের উত্তর পার্শ্বে ফুটপাত স্থানান্তরসহ রাস্তা সম্প্রসারণ কাজ। | ১,৩১,১১২/- টাকা | মেসার্স আর এম এন্টারপ্রাইজ | ০৯.৫০% উর্ধ্বে | ০৬.০০% উর্ধ্বে | বাজেট বরাদ্দ |
| (৫) | সেনাভবনের দক্ষিণ পার্শ্বে লেকের দক্ষিণ পাড়ে কাঁটা তারের বেড়া স্থাপন কাজ। | ১,১৭,৪৩৫/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ | ০৯.০০% উর্ধ্বে | ০৬.০০% উর্ধ্বে | -ঐ- |
| (৬) | বারিধারা ডিওএইচএস এলাকার লেন নং-১, ২, ৩, ৪, ৫ ও ৮ এর কর্তনকৃত রোড মেরামতকরণ। | ৬০,৮৫১/- টাকা | মেসার্স শাহাব উদ্দিন এন্টারপ্রাইজ | ০৬.০০% উর্ধ্বে | ০৫.০০% নিম্নে | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (৭) | মহাখালী ডিওএইচএস এলাকার ৩৫ নং রোড এবং রোড নং-৩৪ হতে ৩৫, ৩১ হতে ৩২, ৩০ হতে ৩১ এবং ২৯ হতে ৩০ এর সংযোগ সড়কের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিংকরণ। | ১৫,১২,১২৬/- টাকা | মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল | ০৯.৯৮% উর্ধ্বে | ০৯.৩০% উর্ধ্বে | বাজেট বরাদ্দ |
| (৮) | বারিধারা ডিওএইচএস এলাকার ০১ নং রোডের পশ্চিম প্রান্ত হতে পুকুর পাড়ের ওয়াকওয়ে পর্যন্ত সলিং রাস্তা নির্মাণ। | ৭৫,৪২৩/- টাকা | মেসার্স এস আর কনস্ট্রাকশন | ০৯.৯৯% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৯) | বারিধারা ডিওএইচএস এলাকার ৫ নং রোডের পশ্চিম প্রান্ত হতে ৬ নং রোড পর্যন্ত সলিং রাস্তা নির্মাণ। | ৫১,৮১৪/- টাকা | মেসার্স ঢাকা কনস্ট্রাকশন | ০৯.৯৮% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষটির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরিল্লিখিত ০৯ (নয়)টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস কর্তৃক ভেটিং করা হয়েছে এবং বোর্ড সভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো। বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতি পত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদানসহ উল্লেখিত কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

(১) ০৬.০০% নিম্নদর অনুমোদিত।
(২) ০২.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৩) ০৬.০০% নিম্নদর অনুমোদিত।
(৪) ০৬.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৫) ০৬.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৬) ০৫.০০% নিম্নদর অনুমোদিত।
(৭) ০৯.৩০% উর্ধ্বদর অনুমোদিত।
(৮) ০৫.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৯) ০৫.০০% উর্ধ্বদর অনুমোদিত।

াব নং-২০ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| মিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১) | মেজর জেনারেল এজাজ আহমেদ চৌধুরী | ২৬৮ | মহাখালী ডিওএইচএস | ০৬(ছয়) তলা সংশোধিত |
| ২) | ব্রিগেঃ জেনাঃ তসলিম উদ্দিন খান ও কর্ণেল আশিফুর হোসেন (অবঃ) | ৮৭/বি | বনানী ডিওএইচএস | ০৬(ছয়) তলা ভবন ঘটনোত্তর অনুমোদন |
| ৩) | ব্রিগেঃ জেনাঃ সাইফুল আলী, এনডিসি, পিএসসি | ১২২/৩ | বারিধারা ডিওএইচএস | -ঐ- |
| ) | কর্ণেল কে লেলিন কামাল (অবঃ) | ৪১৯ | -ঐ- | ০৬(ছয়) তলা সংশোধিত |

চলমান পাতা-১১

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৫) | বেগম রোকেয়া হায়দার ও অন্যান্য | ১০১/৩ | -ঐ- | ০৬(ছয়) তলা |
| (৬) | জনাব নূরের রহমান ভূঁইয়া ও জনাব মোঃ হাবিবুর রহমান | ৫৪৬/২ | -ঐ- | -ঐ- |
| (৭) | গ্রুপ ক্যাপ্টেন এম এস হুমায়ুন (অবঃ) | ৩৭৪ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা |
| (৮) | কর্ণেল ফজলুর রশিদ মৃধা | ৫৩৬ | -ঐ- | -ঐ- |
| (৯) | মেজর এ এইচ এম সহিদুল্লাহ (অবঃ) | ২৫৮ | -ঐ- | -ঐ- |
| (১০) | ব্রিগেডিয়ার জেনাঃ আবু বেলাল মোহাম্মদ শফিউল হক, পিএসসি | ২৯১ | -ঐ- | ০২(দুই)টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা |
| | ব্রিগেডিয়ার জেনাঃ হামীদ আল-হাসান, এনডিসি | ২৮৯ | | |
| (১১) | ব্রিগেডিয়ার জেনাঃ মোঃ শফিকুর রহমান | ২৫২ | -ঐ- | -ঐ- |
| | ব্রিগেডিয়ার জেনাঃ মোঃ আব্দুর রশিদ, পিএসসি, জি (অবঃ) | ২৫৪ | | |
| (১২) | মিসেস মুনিরা জাহরা সিদ্দিকী | ৬৬ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ০৬(ছয়) তলা ভবন |
| (১৩) | জনাব মোঃ ইসকান্দর ও জনাব মোঃ আনোয়ারুল হক | আর এস প্লট নং-৩৩৩ মৌজা- লালাসরাই | কচুক্ষেত পুরান বাজার এলাকা | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক আবেদন করা হয়েছে ঃ-

| ক্রমিক নং | ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| (১) | মেসার্স রীপা এন্টারপ্রাইজ<br>১৮১/এ, পূর্ব কাফরুল, ঢাকা সেনানিবাস। |
| (২) | মেসার্স আলম এন্টারপ্রাইজ, বাড়ী # ৩৯/সি, রোড # ৫<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। |
| (৩) | মেসার্স রুবী এন্টারপ্রাইজ<br>১৬১/৩, বাগানবাড়ী, ভাষাণটেক, ঢাকা সেনানিবাস। |
| (৪) | এক্সপার্ট কর্পোরেশন<br>সিবি-১৫২, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস। |
| (৫) | কে টি এস ট্রেডিং কোং<br>ক-৮৭, মহাখালী দক্ষিণ, গুলশান, ঢাকা-১২১২। |

এতদ্ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসমূহ উপস্থাপন করা হলো।

হীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আবেদিত প্রতিষ্ঠানসমূহকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ১ম শ্রেণী ঠিকাদার হিসাবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

ম্তাব নং-২২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| মিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| (১) | সেনাপল্লী হাই স্কুলের প্রবেশ রাস্তাসহ বাউন্ডারী ওয়াল মেরামত ও উত্তর পার্শ্বে নতুন বাউন্ডারী ওয়াল নির্মাণ এবং প্রবেশ রাস্তায় পিসিসিকরণ। | মেসার্স রনি এন্টারপ্রাইজ |
| (২) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর জানালার গ্লাস শীট সরবরাহ ও ইটের সলিং রাস্তার নির্মাণ। | মেসার্স আমিন ব্রাদার্স |
| (৩) | সেনাপল্লী হাই স্কুলের সংস্কার ও মেরামত কাজ। | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট |

চলমান পাতা-১২

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| (৪) | স্বাধীনতা সরণিস্থ বনানী এমপি চেক পোস্টের সম্মুখে স্পীড ব্রেকার নির্মাণ কাজ। | মেসার্স আমিন ব্রাদার্স |
| (৫) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের আসবাবপত্র সরবরাহকরণ। | মেসার্স ফারসিয়া ট্রেডিং কোং |
| (৬) | ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মেলন কক্ষে থাই জানালা লাগানো ও সাজ-সজ্জাকরণ কাজ। | মেসার্স আমিন ব্রাদার্স |
| (৭) | মিরপুর ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের জন্য আসবাবপত্র সরবরাহকরণ। | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ |
| (৮) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের বোর্ডরুমের ইলেক্ট্রিক রি-ওয়্যারিংসহ প্রয়োজনীয় মেরামতকরণ কাজ। | মেসার্স আমিন ব্রাদার্স |
| (৯) | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৭ নং বিল্ডিং এর ৩য় তলার ছাদের উপর রেলিং স্থাপনসহ ৩য় তলার সাজ-সজ্জাকরণ। | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং |
| (১০) | ঢাকা সেনানিবাসস্থ সমুন্নত স্বাধীনতা গেটের নাম ফলক লিখন এবং তৎসংলগ্ন এমপি চেক পোস্ট রং করণ। | মেসার্স আমিন ব্রাদার্স |
| (১১) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ |
| (১২) | বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডে আরসিসি পাইপ ড্রেন পরিষ্কারকরণসহ ম্যানহোল মেরামত কাজ। | মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ |
| (১৩) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-১৯ এর পূর্ব পার্শ্বে প্লট নং-২৭৮ হতে ২৫৫/এ পর্যন্ত পাকা ড্রেন পুনঃ নির্মাণ। | মেসার্স প্রগতি প্রকৌশলী |
| (১৪) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩৪ এবং ২৭ ও ২৮ এর সংযোগ সড়কের গর্ত মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স ভূঁইয়া কনস্ট্রাকশন |
| (১৫) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১, ২, ৩, ৪, ৫, ১৮, ১৯, ২১ ও ২২ এর গর্ত মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স সাহাব উদ্দিন এন্টারপ্রাইজ |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১ (এক) বৎসর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসাবে জমাকৃত টাকা ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৩ বিবিধ (১) ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ১৮৮ নং বাড়ীর অবৈধ দখল সংক্রান্ত বিষয়ে অত্র দপ্তরসহ ০৮(আট) জনকে বিবাদী করে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ৫২৯১/০৬ নং রীট পিটিশন প্রেক্ষিতে বিবাদীগণের পক্ষে মামলা পরিচালনার লক্ষ্যে আইন খরচ বাবদ অত্র দপ্তরের আইন উপদেষ্টা কর্তৃক দাখিলকৃত ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা খরচের অনুমোদন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের ৬/এমএলএন্ডসি/এমইও/২৯১-১৮৮/৩৫৪ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

হীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকার ১৮৮ নং বাড়ীর অবৈধ দখল সংক্রান্ত বিষয়ে অত্র দপ্তরসহ ০৮(আট) জনকে বিবাদী করে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ৫২৯১/০৬ নং রীট পিটিশন প্রেক্ষিতে বিবাদীগণের পক্ষে মামলা পরিচালনার লক্ষ্যে আইন খরচ বাবদ ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা খরচের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

বিবিধ (২) ঃ বারিধারা ডিওএইচএস এলাকার ৩২৩ নং প্লটের ডেভেলোপার কর্তৃক অত্র দপ্তরসহ ০৫(পাঁচ) জনকে বিবাদী করে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ৩৪৪৬/০৬ নং রীট পিটিশন প্রেক্ষিতে বিবাদীগণের পক্ষে মামলা পরিচালনার লক্ষ্যে আইন খরচ বাবদ অত্র দপ্তরের আইন উপদেষ্টা কর্তৃক দাখিলকৃত ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা খরচের অনুমোদন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের ৩৩/এমএলএন্ডসি/সিসি/৩৩/শা-৬/১৭৬ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

ত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকার ৩২৩ নং প্লটের ডেভেলোপার কর্তৃক অত্র দপ্তরসহ ০৫(পাঁচ) জনকে বিবাদী করে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ৩৪৪৬/০৬ নং রীট পিটিশন প্রেক্ষিতে বিবাদীগণের পক্ষে মামলা পরিচালনার লক্ষ্যে আইন খরচ বাবদ ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা খরচের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৩

২২ বিবিধ (৩) ঃ বারিধারা ডিওএইচএস এলাকার ০.৬২১৯ একর কম/বেশী জমির উপর একটি অত্যাধুনিক কমিউনিটি সেন্টার নির্মাণের নিমিত্তে অভিজ্ঞতা সম্পন্ন খ্যাতনামা স্থপতি/কনসালটিং ফার্মসমূহের নিকট হতে আর্কিটেকচারাল প্ল্যান ও ডিজাইন প্রণয়নের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ২৫ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে উক্ত কাজের কনসালটেন্সি ফি বাবদ মেসার্স ইভিজেনাস, ৬/৩, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭ কর্তৃক প্রদত্ত মোট মূল্যানুমানের উপর ১.৫% হিসেবে সর্বনিম্ন দর প্রদান করা হয়েছে। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলে সর্বসম্মতিক্রমে বারিধারা ডিওএইচএস এলাকার ০.৬২১৯ একর কম/বেশী জমির উপর একটি অত্যাধুনিক কমিউনিটি সেন্টার নির্মাণের আর্কিটেকচারাল প্ল্যান ও ডিজাইন প্রণয়নের নিমিত্তে মেসার্স ইভিজেনাস, ৬/৩, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭ কর্তৃক প্রদত্ত মোট মূল্যানুমানের উপর ১.৫% হিসেবে সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

২৩ বিবিধ (৪) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন ফান্ডের (সরকারী অর্থ ব্যতীত) টাকা এফডিআরকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন ফান্ডের অর্থ সরকারী ব্যাংকে (সোনালী ব্যাংক, ঢাকা সেনানিবাস কর্পোরেট শাখায়) এফডিআর করে রাখা হয়। কিন্তু সরকারী ব্যাংকে এফডিআরের সুদের হার কম বিধায় সরকারী অর্থ ব্যতীত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পের অর্থ দি ট্রাস্ট ব্যাংক লিঃ, ঢাকা সেনানিবাস শাখায় এফডিআর হিসেবে রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

( মোঃ আব্দুল্লাহ আল মামুন )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস